

নবদ্বীপ পঞ্চায়েত সমিতি
মহেশগঞ্জ, নদীয়া

পত্রাঙ্ক ৩৪৭

তারিখ ২০/৬/১৭

নোটিশ

এতদ্বারা সকলকে জানানো যাইতেছে যে, নবদ্বীপ পঞ্চায়েত সমিতি কর্তৃক নির্মিত ৮ (আট) টি দোকান ঘর ভাড়া দেওয়া হবে। দোকান ঘর পাওয়ার জন্য নির্বাহী আধিকারিকের কাছে তার পূর্ণ ঠিকানা সমেত সাদা কাগজে আবেদন করতে হবে। সঙ্গে দিতে হবে ভারতীয় নির্বাচন কমিশন প্রদত্ত সচিত্র পরিচয়পত্র (ভোটার কার্ড) এবং যে ব্যবসা করতে চায় সে সম্পর্কিত কাগজপত্র। যাদের আবেদনপত্র সঠিক বলে গৃহীত হবে তাদের ফেরৎযোগ্য আমানত হিসাবে ৫০০০০/- (পঞ্চাশ হাজার) টাকার ব্যাঙ্ক ড্রাফট "এক্সিকিউটিভ অফিসার", নবদ্বীপ পঞ্চায়েত সমিতির অনুকূলে জমা রাখতে হবে। দোকান ঘরের কোনো ক্ষতি না করে ঘর ছেড়ে দিলে ঐ টাকা ফেরৎ পাওয়া যাবে, যিনি ঘর পাবেন তিনি নিম্নলিখিত শর্তাবলী মানতে বাধ্য থাকবেন।

শর্তাবলী :

- ১) প্রতিমাসের ১০ তারিখের মধ্যে পূর্ববর্তী মাসের ঘরভাড়া বাবদ ৫০০/- (পাঁচশত) টাকা পঞ্চায়েত সমিতির অফিসে জমা দিতে হবে। প্রথম মাসে ১ (এক) মাসের ভাড়া অগ্রিম দিতে হবে।
- ২) প্রতি দোকানঘরের জন্য যিনি ঘর পাবেন তাঁর নিজের নামে একটি করে মিটার নিতে হবে। এবং নিজেদের সেই বিল মেটাতে হবে।
- ৩) ঘর অন্য কাউকে হস্তান্তর করা যাবে না। দোকান গ্রহীতা কেউ মারা গেলে তাঁর উত্তরাধিকারীরা এই ঘর দাবী করতে পারবেন না।
- ৪) ব্যবসায় লাভ বা ক্ষতির কোন দায় কর্তৃপক্ষের উপর বর্তাবে না।
- ৫) নিষিদ্ধ ও বিপদজনক কোন ব্যবসা এখানে করা যাবে না।
- ৬) জমা পড়া আবেদনপত্র বিচার করে কর্তৃপক্ষ যাদের যোগ্য বলে বিবেচনা করবেন তারাই কর্তৃপক্ষের চূড়ান্ত সিদ্ধান্ত অনুযায়ী দোকানঘর গ্রহীতা বলে বিবেচিত হবেন।
- ৭) কর্তৃপক্ষ প্রয়োজন মনে করলে যেকোনো সময় যে কোনো ঘরের গ্রাহককে ৭(সাত) দিনের নোটিশে ঘর ছাড়তে বলতে পারবে।
- ৮) এই ঘরের কোনো অধিকার ঘর গ্রহীতা কখনও দাবী করতে পারবে না।
- ৯) পরবর্তীকালে নবদ্বীপ পঞ্চায়েত সমিতি-র অর্থ-ও পরিকল্পনা স্থায়ী সমিতি কর্তৃক গ্রহীত যেকোনো সিদ্ধান্ত বলবৎ করার পূর্ণ ক্ষমতা কর্তৃপক্ষের থাকার এবং তা মানতে দোকানের গ্রাহকগন বাধ্য থাকবেন।

১০। ঘর নিয়ে দোকান হিসাবে তা ছয়মাসের মধ্যে না খুললে পঞ্চায়েত সমিতি তার ফেরৎযোগ্য আমানত বাজেয়াপ্ত করবে এবং সে তার ঘর পঞ্চায়েত সমিতি-কে ফেরৎ দিতে বাধ্য থাকবে।

১১। দোকান গ্রহীতা হিসাবে মনোনীত হবার পর দোকান গ্রহীতাকে ৫০ (পঞ্চাশ) টাকার নন-জুডিসিয়াল স্ট্যাম্প পেপারে নবদ্বীপ পঞ্চায়েত সমিতির সাথে এক বছরের জন্য চুক্তিবদ্ধ হতে হবে।

** আবেদনপত্র জমা দেবার শেষ তারিখ ৫-ই জুলাই, ২০১৭, সময় দুপুর ২ঃ০০ টার মধ্যে, আবেদনপত্র জমা দেবার স্থান : নবদ্বীপ পঞ্চায়েত সমিতি।

স্বাক্ষর
নির্বাহী আধিকারিক
নবদ্বীপ পঞ্চায়েত সমিতি
মহেশগঞ্জ, নদীয়া
২০/৬/১৭

পত্রাঙ্ক ৩৪৭ (১২) / ন: প: স:

তারিখ ২০/৬/১৭

জ্ঞাতার্থে প্রতিলিপি গৃহীত হল : -

- ১। অতিরিক্ত নির্বাহী আধিকারিক, নদীয়া জিলা পরিষদ, নদীয়া।
- ২। সাব-ডিভিশনাল অফিসার, সদর, কৃষ্ণনগর, নদীয়া।
- ৩। সভাপতি, নবদ্বীপ পঞ্চায়েত সমিতি, নবদ্বীপ, নদীয়া।
- ৪। প্রধান, সকল গ্রাম পঞ্চায়েত, নবদ্বীপ পঞ্চায়েত সমিতি, নবদ্বীপ, নদীয়া।
- ৫। অফিস কপি।

স্বাক্ষর
নির্বাহী আধিকারিক
নবদ্বীপ পঞ্চায়েত সমিতি
মহেশগঞ্জ, নদীয়া
২০/৬/১৭